

# যুগান্তর

প্রিন্ট: ১১ আগস্ট ২০২৫, ১০:২৭ এএম

## শিক্ষাজ্ঞন

# জরুরি তথ্য চেয়ে মাউশিল চিঠি



যুগান্তর ডেস্ক

প্রকাশ: ১০ আগস্ট ২০২৫, ০৭:৩৬ পিএম



ফাইল ছবি

জুলাই গণ-অভুত্যখানে শিক্ষাপ্রতিষ্ঠান থেকে শহীদ ও আহত জুলাইযোদ্ধা সম্পর্কিত প্রবন্ধসহ অন্যান্য তথ্য পাঠানোর নির্দেশ দিয়েছে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি)। রোববার এ সংক্রান্ত চিঠি দেওয়া হয়েছে অধিদপ্তর থেকে।

আগামী ২০ আগস্টের মধ্যে নির্ধারিত ই-মেইলে এ প্রবন্ধ পাঠাতে হবে। চিঠিটি সব আঞ্চলিক পরিচালক ও বিদ্যালয় পরিদর্শন শাখার আঞ্চলিক উপপরিচালককে পাঠানো হয়েছে।

শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের ৭ আগস্টের চিঠির নির্দেশনা অনুসরণ করে প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠান থেকে ‘জুলাই বিপ্লব ২০২৪’-এ শহীদ ও আহত জুলাইযোদ্ধা সম্পর্কিত প্রবন্ধসহ অন্যান্য তথ্য সংগ্রহ করে পাঠানোর নির্দেশ দেওয়া হয়েছে। মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের পারফরম্যান্স, উন্নয়ন ও সেবা উন্নয়ন অধিশাখার যুগ্ম সচিব বদরতল হাসান লিটনের ঠিকানায় পাঠাতে হবে এসব তথ্য।

চিঠিতে বলা হয়েছে, লেখার সঙ্গে প্রমাণ হিসেবে এ পর্যন্ত পত্রিকায় প্রকাশিত সংবাদ, ছবি, সরকারি গেজেট ও অন্যান্য প্রমাণক সংযুক্ত করতে হবে। ই-মেইলের ক্ষেত্রে স্ক্যান কপি সংযুক্ত করতে হবে।

এ ছাড়া প্রতিষ্ঠানপ্রধান, প্রতিষ্ঠানের সর্বোচ্চ সিনিয়র শিক্ষক এবং প্রবন্ধ লেখার সঙ্গে সংশ্লিষ্ট কমিটির সভাপতি—এই তিনজনের যৌথ স্বাক্ষরসহ প্রত্যয়নপত্র পাঠাতে হবে।

সফটকপি নিকস বাংলা ১৪ ফন্টে ই-মেইল ([apa@moedu.gov.bd](mailto:apa@moedu.gov.bd))-এ পাঠানোর পাশাপাশি [ad-admin@dshe.gov.bd](mailto:ad-admin@dshe.gov.bd) ই-মেইল সিসি করে পাঠানোর জন্য সব আঞ্চলিক পরিচালক ও বিদ্যালয় পরিদর্শন শাখার আঞ্চলিক উপপরিচালককে নির্দেশ করা হয়েছে।